পাতার ভেলা ভাসাই নীরে,
পিছন-পানে চাই নে ফিরে ॥
কর্ম আমার বোঝাই ফেলা,   খেলা আমার চলার খেলা ।
হয় নি আমার আসন মেলা,   ঘর বাঁধি নি স্রোতের তীরে ॥
বাঁধন যখন বাঁধতে আসে
ভাগ্য আমার তখন হাসে ।
ধুলা-ওড়া হাওয়ার ডাকে   পথ যে টেনে লয় আমাকে—
নতুন নতুন বাঁকে বাঁকে গান দিয়ে যাই ধরিত্রীরে ॥

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Pilu-Brindavani-Sarang
Visit www.geetabitan.com for notation and other detail